

102



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিট্টেমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল info@nhrc.org.bd ওয়েব: www.nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৪৮/১৯- ৪৫৩০ ২ তারিখ: ২২/১০/২০১৯

বিষয়: যশোরে প্রতিবন্ধী যুবককে মধ্যযুগীয় কায়দায় নির্যাতন সংক্রান্ত।

অনলাইন পত্রিকা বাংলা নিউজ টোয়েন্টিফোর কম -এ ২২ অক্টোবর, ২০১৯ তারিখ 'যশোরে প্রতিবন্ধী যুবককে মধ্যযুগীয় কায়দায় নির্যাতন' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদ থেকে জানা যায় যে, যশোরের খাজুরায় ২১ অক্টোবর দীপৎকর ভদ্র (২৫) নামে এক প্রতিবন্ধী যুবককে দড়ি দিয়ে বেঁধে মধ্যযুগীয় কায়দায় নির্যাতন করা হয়েছে। পরে নির্যাতনের ভিডিওটি ফেসবুকে ভাইরাল হয়ে যায়। ভিডিওটিতে দেখা যায়, ভদ্রডাঙ্গা গ্রামের অহেদে খানের ছেলে আলমগীর, বনগ্রাম মুস্তীপাড়ার কিয়ামের ছেলে নাজমুল ও ভদ্রডাঙ্গা গ্রামের ইকবাল কারীর ছেলে ইলিয়াছ প্রতিবন্ধী যুবককে দড়ি দিয়ে বেঁধে মাটিতে ফেলে মুখে ও বুকে লাথি মারছে।

০২। অমানবিক এ ঘটনায় জড়িতদের বিবুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এমতাবস্থায়, অভিযোগের বিষয়ে পুলিশ সুপার, যশোরকে তদন্তপূর্বক আগামী ২৬/১১/২০১৯ তারিখের মধ্যে কমিশনকে প্রতিবেদন প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হল। এই সঙ্গে পত্রিকায় প্রকাশিত সংবাদের ছায়ালিপি প্রেরণ করা হল।

সংযুক্ত: ০২ পাতা।

পুলিশ সুপার
যশোর

AC
22/১০/১৮
(আল-মাহমুদ ফায়জুল কবীর)
পরিচালক (অভিযোগ ও তদন্ত)
(জেলা ও দায়রা জজ)
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)

অনুলিপি:

সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

O/C